

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের এক শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ এনেছেন ওই বিভাগেরই এক ছাত্রী। প্রতিকার চেয়ে বাস্বধানীর শাহবাগ থানায় অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে মামলাও করেছেন তিনি।

ওই ছাত্রীর সহপাঠীরা এ ঘটনার বিচার চেয়ে গত শনিবার বিভাগের চেয়ারম্যান ও অনুষদের ভিনের কাছে স্মারকলিপি দিতে চাইলে তারা তা গ্রহণ করেননি বলে অভিযোগ করেছেন শিক্ষার্থীরা।

ভুক্তভোগী ছাত্রী ফিন্যান্স বিভাগের বিডিএ ১৩তম ব্যাচের। বর্তমানে ওই বিভাগেই এমবিএ করছেন। তিনি এ ঘটনায় ৭ ফেব্রুয়ারি শাহবাগ থানায় নারী

ওই শিক্ষকের
কক্ষে প্রতিবেদন
জমা দিতে গেলে
তিনি ছাত্রীর গায়ে
হাত দেন এবং
যৌন হয়রানি
করেন

ও শিও নির্ধাতন মর্মন আইনে মামলা করেছেন। মামলার তিনি বলেছেন, ওই শিক্ষকের তত্ত্বাবধানে তিনি বিবিএর ইন্টার্ন করেন। ২০১১ সালের ২৮ অক্টোবর তিনি গ্রামের বাড়ি যাওয়ার আগে বেলা পোয়া দুইটার দিকে ওই শিক্ষকের কক্ষে প্রতিবেদন জমা দিতে যান। এ সময় শিক্ষক ছাত্রীর গায়ে হাত দেন এবং যৌন হয়রানি করেন।

প্রথম আলোকে ওই ছাত্রী জানান, বিশ্ববিদ্যালয় প্রশাসনকে এ ঘটনা জানালে তাকে পরীক্ষায় অকৃতকার্য করার হুমকি দেন ওই শিক্ষক। এরপর নিজের ছাত্রী, সহপাঠী ও পরীক্ষা নিয়ন্ত্রকের পরামর্শে ফল প্রকাশের আগ

পর্যন্ত বিষয়টি কাউকে না জানানোর সিদ্ধান্ত নেন তিনি। ২০১২ সালের ৩০ জানুয়ারি ফল প্রকাশের পর তিনি বিভাগের চেয়ারম্যান ও ভিনকে বিষয়টি জানান। কিন্তু দুজনই ওই শিক্ষককে ক্ষমা করে দিতে বলেন। এরপর ওই শিক্ষক মুঠোফোনে হুমকি দেন। এ বিষয়েও তখনই ওই ছাত্রী কন্যায় সাধারণ ডায়েরি (জিডি) করেন।

ওই ছাত্রী আরও জানান, গত ৬ সেপ্টেম্বর ওই শিক্ষক আবারও তাঁকে এমবিএ করতে মেরেন না বলে হুমকি দেন। এ ঘটনায়ও তিনি জিডি করেছেন। শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম জানান, তদন্ত

ওরু হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকেও ঘটনাটি জানানো হয়েছে। জানানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর আমজাদ আলী প্রথম আলোকে জানান, বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। দোষী প্রমাণিত হলে অবশ্যই ওই শিক্ষকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।